



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিবিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩০৮৮৯৪৯,

০২২২৩০৫৮৬৮১

ই-মেইল:

dgmsme@krishibank.org.bd

তারিখঃ ০২/১১/২০২২

প্রকা/ক্রেঞ্চিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/করোনা/২০২২-২০২৩/ ১১২৭(২১৮০)

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিহস্ত সিএমএসএমই (CMSME) খাতের জন্য ঘোষিত বিশ হাজার কোটি টাকার প্রনোদনা প্র্যাকেজ বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট এর এসএমইএসপিডি সার্কুলার নং ০৯/২০২১, তারিখঃ ০৯/০৯/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার মোতাবেক প্রনোদনা প্র্যাকেজের আওতায় সিএমএসএমই (CMSME) খাতের বিতরণকৃত ঋনের সুদের হার সর্বোচ্চ ৯ (নয়) শতাংশ। ত্রৈমাসিক ভিত্তিতে আরোপিত সুদের ৪ (চার) শতাংশ ঋণ গ্রহিতা ত্রৈমাস অন্তে পরবর্তী ১০ কর্মদিবসের মধ্যে পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫ (পাঁচ) শতাংশ সরকারের নিকট ভর্তুকি দাবিপূর্বক গ্রহণ করতে হবে। তবে ঋণ গ্রহিতা কর্তৃক ৪ (চার) শতাংশ হারে আরোপিত সুদের টাকা ত্রৈমাস অন্তে পরবর্তী ১০ কর্মদিবসের মধ্যে পরিশোধিত না হলে ৯ (নয়) শতাংশ হারে আরোপিত সুদ ঋণ গ্রহিতার দায় হিসাবে বিবেচিত হবে।

০৩। মাঠ কার্যালয়সমূহ হতে প্রাণ সুদ ভর্তুকি সংক্রান্ত জুলাই-সেপ্টেম্বর/২০২২ ত্রৈমাসিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিতরিত ৫৩৯৬টি ঋণ হিসাবের মধ্যে ১৮৮৪ টি ঋণ হিসাবে ৪ (চার) শতাংশ হারে আরোপিত সুদ নির্ধারিত সময়ের মধ্যে আদায় হয়নি, ফলে উক্ত ঋণ হিসাবসমূহে সুদ ভর্তুকির দাবী পেশ করা সম্ভব হচ্ছে না। এতে করে আরোপিত সুদের ৯ শতাংশ উদ্যোগার দায় হিসেবে বিবেচিত হবে। সরকার ঘোষিত প্রনোদনা প্র্যাকেজের উদ্দেশ্য ব্যাহত হওয়ার পাশাপাশি এরপ ঋণ হিসাবসমূহ মেয়াদোত্তীর্ণ হওয়ার ঝুঁকি থেকে যায়।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক এবং অত্র ব্যাংক হতে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক প্রণোদনা প্র্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের উপর ৪ (চার) শতাংশ হারে আরোপিত সুদ নির্ধারিত সময়ের মধ্যে আদায়পূর্বক ৫ (পাঁচ) শতাংশ হারে সুদ ভর্তুকির দাবি সংক্রান্ত প্রতিবেদন অত্র বিভাগে দাখিলের অনুরোধ করা হলো। যথাসময়ে সুদের টাকা আদায় না করলে, ঋণ হিসাবসমূহ মেয়াদোত্তীর্ণ হলে বা সুদ ভর্তুকি সুবিধা প্রাপ্তিতে কোনরূপ জটিলতার সৃষ্টি হলে এর দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস্ত

(মোহাম্মদ মস্তিজুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩০৮৮৯৪৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডন, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপন্থি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

০২/১১/২০২২
(মোহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক